



# বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



সূত্র :

বাইএ/এসিআইআই/২০২৩

তারিখ : ২৭/০৯/২০২৩

**বিষয় : বীমা পেশায় আন্তর্জাতিক মানসম্পন্ন ACII কোর্সে ভর্তি ও পরীক্ষা সংক্রান্ত।**

বীমা শিল্পের গতিশীলতা বৃদ্ধি ও এ শিল্পের নেতিবাচক ভাবমূর্তি দূরীকরণের পাশাপাশি দক্ষ বীমা পেশাজীবী তৈরীর লক্ষ্যে আন্তর্জাতিকভাবে স্বীকৃত London (UK) ভিত্তিক The Chartered Insurance Institute (CII) এর Associateship of Chartered Insurance Institute (ACII) ডিগ্রী খুবই গুরুত্বপূর্ণ। বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ACII ডিগ্রী অর্জনে শিক্ষার্থীদের মধ্যে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে ১৯৮১ সাল থেকে সর্বাত্মক সহযোগিতা করে আসছে। CII, UK এর Overseas Examination Centre হিসেবে একাডেমি ACII পরীক্ষার আয়োজন করছে এবং প্রতি বিষয়ে পাশ করার পর ঐ বিষয়ের সম্পূর্ণ পরীক্ষার ফি বৃত্তি হিসেবে প্রদান করে।

ACII কোর্স অক্টোবর-২০২৩ পর্বের ভর্তি ও পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী সম্বলিত লিফলেট এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক প্রদত্ত ACII ডিগ্রী মূল্যায়ন সংক্রান্ত সার্কুলার (সংযুক্ত) আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

উক্ত কোর্সে আপনার প্রতিষ্ঠানের আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন প্রদান কিংবা কোর্সে অংশগ্রহণ করার লক্ষ্যে উৎসাহিত করবেন বলে আশা করি। এছাড়াও প্রয়োজনে উক্ত কোর্স সংক্রান্ত তথ্যের জন্য জনাব এ.এইচ.এম নাজমুছ শাহাদাৎ মিংএ, ফ্যাকাল্টি মেম্বর-গ্রেড-১, টেলিফোন: ০২২২২২৯৯৫২৭, পিএবিএক্স: ০২২২২২৯৯২৯২-৩ এক্সটেনশন ১০৬, জনাব মোঃ রায়হানুল আবেদীন, ইন্সট্রাক্টর, মোবাইল: ০১৭২২-৮১৭৯১২ অথবা জনাব মীর আব্দুল করিম, মোবাইল: ০১৭১৮-৬৪৪৬৪৫-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

একাডেমির শিক্ষা ও প্রশিক্ষণে আপনার প্রতিষ্ঠানের আগ্রহী ভূমিকার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

*Signature*  
(এস.এম ইব্রাহিম হোসাইন, ACII)

পরিচালক (অ:দা:)

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

Email:- bangladeshinsuranceacademy@gmail.com

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- |   |   |
|---|---|
| ১। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ   | - সদয় অবগতির জন্য;                               |
| ২। অতিরিক্ত সচিব (বীমা) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থমন্ত্রণালয়  | - সদয় অবগতির জন্য;                               |
| ৩। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনসিওরেন্স এসোসিয়েশন  | - সদয় অবগতির জন্য;                               |
| ৪। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন   | - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য; |
| ৫। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন   | - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য; |
| ৬। সিইও ও ব্যবস্থাপনা পরিচালক (সকল লাইফ এবং নন লাইফ ইনসিওরেন্স কোম্পানী) - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ; |   |
| ৭। সকল ফ্যাকাল্টি মেম্বর ও কর্মকর্তাগণ, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য;             |   |
| ৮। জনসংযোগ ও প্রকাশনা কর্মকর্তা, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি- প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য;                            |   |